

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭)

৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫

ফোন : ০২২২২২৩০০৭৬

dir.discipline.bwdb@gmail.com

ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Directorate of Discipline

Pani Bhaban (Level-7)

72, Green Road, Dhaka-1205

Phone : 02222230076

dir.discipline.bwdb@gmail.com

Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৫.২৪-১০৪

তারিখঃ ০৫/০৮/১৪৩২ বঙ্গাব্দঃ
২০/১১/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ বিষয়ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দস্ত আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

যেহেতু আপনি যেহেতু জনাব মোঃ আসফাকুল আলম (পরিচিতি নং-৬৬১২০৩০০৩), গেজপাঠক, উত্তরাঞ্চলীয় পানি বিজ্ঞান পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা বোর্ডের অনুমতিক্রমে গত ০১/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে অথবা যাত্রার তারিখ হতে ত্রিশ (৩০) দিনের ছুটিতে স্ট্রী চিকিৎসার জন্য স্ব-স্ট্রীক আমেরিকা গমন করেন। পরবর্তীতে ছুটি শেষে দীর্ঘ সময় অতিবাহিত হলেও আপনি নিজ কর্মস্থলে যোগদান করেননি। নির্বাহী প্রকৌশলী, উত্তরাঞ্চলীয় পানি বিজ্ঞান পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা কর্তৃক বিভিন্ন স্মারকের মাধ্যমে আপনাকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কৈফিয়ত তলব করা হয়। কিন্তু আপনি কৈফিয়ত তলবের জবাব প্রদান করেননি এবং কর্মস্থলেও যোগদান করেননি। আপনার এরূপ আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল এবং আপনার উপর প্রবিধান ৪৯ (১) (খ) মোতাবেক যে কোন দস্ত আরোপযোগ্য;

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.২৪-১০৫ তারিখঃ ১৬/০২/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে আপনার উপর উল্লিখিত দস্ত কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি লিখিত বিবৃতি দাখিল করেন। দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় অভিযোগনামায় উল্লিখিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনাতে আপনার বিরুদ্ধে গত ৩১/০১/২০২২ খ্রিঃ হতে ০২/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে। আপনার এরূপ কর্মকাল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামিল বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দস্ত চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দস্ত চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক

পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

অঃপঃ

প্রাপক,

জনাব মোঃ আসফাকুল আলম
গেজপাঠক
উত্তরাঞ্চলীয় পানি বিজ্ঞান পরিমাপ বিভাগ
বাপাউবো, পাবনা।

স্থায়ী ঠিকানা

গ্রামঃ নিউ শালবন, বাসা নং- ২৮/৫, রোড নং-০১
ডাকঘরঃ রংপুর বাজার
থানাঃ রংপুর সদর, জেলাঃ রংপুর।

জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২৪৮
সিস্টেম এনালিস্ট
গেজপাঠক ১/২
নিয়েত্রী মেসার্সের ১/৪/০৩/৪
সেটআপের প্রকল্পের
হিসাব সমিতির
অফিস অফ ডায়ালগিসিটির
মহাপরিচালক

জ্যেষ্ঠ
২৪/১১/২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
ফেল্ডার আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।